গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়
লাকসাম, কুমিল্লা।

স্মারক নং- ১১৯/আভি

তারিখঃ ১৭/১০/২০২১ খ্রিঃ

## সভার নোটিশ

লাকসাম উপজেলার "আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির সভা জনাব পড়শী সাহা, মহিলা ভাইস চেয়ারম্যান এঁর সভাপতিত্বে তার অফিস কক্ষে আগামী ২০/১০/২০২১ খ্রি. তারিখে বেলা ১০:৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় একজন সম্মানিত সদস্য হিসাবে আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্য বিবরণী পাঠ।
২। উপজেলা আইন শৃঙ্খলা সংক্রান্ত আলোচনা।
৩। বিবিধ।

প্রাপক,

...........................................
লাকসাম, কুমিল্লা

২০/১০/২১

অজিত কুমার দাস
(পি এ এম)
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা
ও
সদস্য সচিব
উপজেলা আইন শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি
লাকসাম, কুমিল্লা।

স্মারক নং- ১১৯ /আভি

তারিখঃ ১৭/১০/২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থেঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
৫। অফিস কপি।

১৭/১০/২১

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা
ও
সদস্য সচিব
উপজেলা আইন শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি
লাকসাম, কুমিল্লা

## উপজেলা আইন শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি'র অক্টোবর/২০২১ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব পড়শী সাহা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
স্থান ঃ মহিলা ভাইস চেয়ারম্যান এঁর অফিস কক্ষ, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
তারিখ ঃ ২০-১০-২০২১ খ্রিঃ, সময় ঃ সকাল ১০:৩০ ঘটিকা।

আলোচ্যসূচী ঃ

১। গত সভার কার্য বিবরণী পাঠ।
১। উপজেলা আইন শৃঙ্খলা সংক্রান্ত আলোচনা।
২। বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর আইন শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটির এ সভা পরিচালনার জন্য সদস্য সচিব ও উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে অনুরোধ করেন। অতঃপর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার সঞ্চালনায় উপস্থিত কমিটির অন্যান্য সদস্যদের মতামতের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| | | | | |
|---|---|---|---|---|
| আলোচ্য বিষয় গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ ঃ | ঃ | বিবরণী | ঃ | সদস্য সচিব সকলকে শুভেচ্ছা জানিয়ে গত ২২-০৮-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পেশ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধন রয়েছে কিনা সভায় জানতে চান। |
| | | সিদ্ধান্ত | ঃ | আলোচনাক্রমে কোনরূপ সংশোধনী ছাড়াই কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। |
| | | বাস্তবায়নে | ঃ | -- |
| অতঃপর গত সভার সিদ্ধান্তের অগ্রগতি ও বাস্তবায়ন বিষয়ে পর্যায়ক্রমে আলোচনা ও অদ্যকার কার্যপত্র/আলোচ্যসূচী সম্পর্কিত আলোচনা অনুষ্ঠিত হয়। | | | | |
| আলোচনা-১ বাল্য বিবাহ সংক্রান্ত | ঃ | বিবরণী | ঃ | চেয়ারম্যান, আজগরা ইউপি, তিনি তার বক্তব্যে প্রশাসনের চোখকে ফাঁকি দিয়ে অধিকাংশ কাজী বাল্য বিবাহের কার্যক্রম পরিচালনা করিয়া আসিতেছে। বাল্য বিবাহ রোধকল্পে আইনগত ব্যবস্থা গ্রহনের বিষয়ে সভায় আলোচনা হয়। ইহা ছাড়াও প্রতিটি কাজীকে অনলাইনে জন্ম নিবন্ধন যাচাই করে বিবাহ কার্যক্রম গ্রহনের বিষয়ে আলোচনা করা হয়। |
| | | সিদ্ধান্ত | ঃ | বিস্তারিত আলোচনান্তে বাল্য বিবাহ রোধকল্পে আইনগত ব্যবস্থা গ্রহন করার জন্য পুলিশকে অনুরোধ জানান এবং প্রতিটি কাজীকে অনলাইনে জন্ম নিবন্ধন যাচাই করে বিবাহ কার্যক্রম গ্রহনের জন্য অনুরোধ জানানো হয়। |
| | | বাস্তবায়নে | ঃ | লাকসাম থানা পুলিশ এবং সংশ্লিষ্ট কাজী (সকল)। |
| আলোচনা-২ মাদক ও চুরি | ঃ | বিবরণী | ঃ | চেয়ারম্যান, কান্দিরপাড় ইউপি সভায় জানান যে, বর্তমানে লাকসামের আইনশৃংলা পরিস্থিতি অনেকটা ভালো, তবে মাদক ও চুরির প্রবনতা বেড়ে গেছে। এই বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন এবং অফিসার ইনচার্জ, লাকসাম থানার এবং উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার সহযোগিতা চান। |
| | | সিদ্ধান্ত | ঃ | বিস্তারিত আলোচনান্তে মাদক ও চুরির বিষয়ে গনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এলাকার সচেতন নাগরিকদের, আনসার ও ভিডিপি সদস্যদের আরো সচেতন হইয়া পুলিশকে তথ্য প্রদানে সহায়তা করার জন্য অনুরোধ জানানো হয় ও পরে প্রয়োজনীয় সংখ্যক পুলিশী টহল জোরদার করার জন্য সভায় সিদ্ধান্ত হয়। |
| | | বাস্তবায়নে | ঃ | লাকসাম থানা পুলিশ,চেয়ারম্যান,মেম্বার,আনসার ও ভিডিপি সদস্য ও সচেতন নাগরিক। |
| আলোচনা-৩ সার্বিক আইন শৃঙ্খলা | | বিবরণী | | অফিসার ইনচার্জ, লাকসাম থানা বলেন যে, মাদক ক্রয় ও বিক্রয়ের বিরুদ্ধে অভিযান অব্যাহত রয়েছে। চুরি ও মাদকের বিষয়ে সকলকে সজাগ ও সচেতন থেকে ঐক্যবদ্ধভাবে কাজ করার অনুরোধ জানান। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে বলে তিনি জানান। |
| | | সিদ্ধান্ত | | মাদক ক্রয় ও বিক্রির বিষয়ে সকলকে একসাথে কাজ করার ও পুলিশকে তথ্য প্রদানে সহায়তা করার জন্য অনুরোধ জানানো হয় ও পরে প্রয়োজনীয় সংখ্যক পুলিশী টহল জোরদার করার জন্য সভায় সিদ্ধান্ত হয়। |
| | | বাস্তবায়নে | | লাকসাম থানা পুলিশ ও সংশ্লিষ্ট চেয়ারম্যান। |

| | | | | |
|---|---|---|---|---|
| সভাপতির সার্বিক মন্তব্য | ঃ | বিবরণী | ঃ | সভাপতি প্রানবন্ত আলোচনা পেশ করার জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। পাশাপাশি অদ্যকার সভার সিদ্ধান্তসমূহ সফলভাবে বাস্তবায়নের জন্য সকলকে উদাত্ত আহ্বান করেন। |
| | | সিদ্ধান্ত | ঃ | -- |
| | | বাস্তবায়নে | ঃ | -- |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(পড়শী সাহা)
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা আইন শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি
লাকসাম, কুমিল্লা ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়**
**লাকসাম, কুমিল্লা ।**

স্মারক নং- ১২৫/আভি

তারিখঃ ২০ /১০/২০২১ খ্রিঃ

*অনুলিপি ঃ (সদয় জ্ঞাতার্থে)-*

১।চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা ।
২।উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা ।
৩।চেয়ারম্যান, কান্দিরপাড়/আজগরা ইউপি, লাকসাম, কুমিল্লা ।
৪।জনাব ............................................................ লাকসাম, কুমিল্লা ।
৫।অফিস কপি।

20/10/21

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা
ও
সদস্য সচিব
উপজেলা আইন শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি
লাকসাম, কুমিল্লা

## উপজেলা আইন-শৃঙ্খলা সংক্রান্ত স্থায়ী কমিটি'র অক্টোবর/২০২১ মাসের সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা

তারিখ ঃ ২০-১০-২০২১ খ্রিঃ, সময় ঃ সকাল ১০:৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক"

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম,কুমিল্লা। | সভাপতি | |
| ০২ | অফিসার ইনচার্জ, লাকসাম থানা, লাকসাম,কুমিল্লা। | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান, কান্দিরপাড় ইউনিয়ন পরিষদ, লাকসাম,কুমিল্লা। | সদস্য | |
| ০৪ | চেয়ারম্যান, আজগরা ইউনিয়ন পরিষদ, লাকসাম,কুমিল্লা। | সদস্য | |
| ০৫ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা , লাকসাম,কুমিল্লা। | সদস্য-সচিব | |